

## Trading Corporation of Bangladesh

TCB Bhaban, Kawran Bazar, Dhaka-1215

Phone : Office  
PABX : 8180071  
FAX : 88-02-8180057  
E-mail : [tcb@tcb.gov.bd](mailto:tcb@tcb.gov.bd)  
Website : [www.tcb.gov.bd](http://www.tcb.gov.bd)



## ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

টিসিবি ভবন, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

ফোন : অফিস  
পিএবিএক্স : ৮১৮০০৭১  
ফ্যাক্স : ৮৮-০২-৮১৮০০৫৭  
ই-মেইল : [tcb@tcb.gov.bd](mailto:tcb@tcb.gov.bd)  
ওয়েব সাইট : [www.tcb.gov.bd](http://www.tcb.gov.bd)



নং-২৬.০৫.০০০০.০২৩.০৭.০১২.১৯.১০৪

তারিখঃ ১৬-০৩-২০২০ খ্রিঃ

বিষয়ঃ টিসিবি'র ডিলারদের ভ্রাম্যমাণ ট্রাকে টিসিবি'র পণ্যাদি বিক্রয় প্রসঙ্গে।

সূত্রঃ বাণিজ্য মন্ত্রণালয়ের স্মারক নং-২৬.০০.০০০০.১১৩.৬০.০০২.১১.১২৩ ; তারিখ ১৬-০৩-২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের অনুমোদনের প্রেক্ষিতে জাতির পিতার জন্মশত বার্ষিকী উপলক্ষে টিসিবি'র পণ্যাদি ভোক্তা সাধারণের নিকট সাশ্রয়ী মূল্যে বিক্রয়ের লক্ষ্যে ২০১৯-২০ অর্থ বছরের ৫ম কিস্তির নিয়মিত বরাদ্দের পাশাপাশি ঢাকা মহানগরীতে ৫০টি, চট্টগ্রাম মহানগরীতে ১৬টি, অন্যান্য ৬টি বিভাগীয় শহরে প্রতিটিতে ১০টি করে ৬০টি এবং অবশিষ্ট ৫৬টি জেলা শহরে প্রতিটিতে ৪টি করে ২২৪টি সর্বমোট ৩৫০ জন ডিলারের নিজস্ব ভ্রাম্যমাণ ট্রাকে আগামী ১৭-০৩-২০২০ তারিখ হতে ৩১-০৩-২০২০ তারিখ পর্যন্ত (শুক্রবার ও শনিবার ব্যতীত) টিসিবি'র পণ্যাদি বিক্রয়ের নিমিত্ত নিম্নে বর্ণিত দর ও পরিমাণে বরাদ্দ দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ-

ক্রঃ নং	পণ্যের নাম	ভোক্তা মূল্য প্রতি কেজি/লিটার (পরিচালন ব্যয়সহ)/ (টাকায়)	ডিলার প্রতি বরাদ্দের পরিমাণ (কেজি/লিটার)
১।	চিনি (তীর ব্রান্ড)	টাকঃ ৫০.০০	৫০০-৬৫০ কেজি
২।	মশুর ডাল (তীর ব্রান্ডের মাঝারি সাইজ)	টাকঃ ৫০.০০	৫০-১০০ কেজি
৩।	সয়াবিন তেল (সেনা, পুষ্টি ও বসুন্ধরা ব্রান্ড)	টাকঃ ৮০.০০	৮০০-১,০০০ লিটার
৪।	পেঁয়াজ	টাকঃ ৩৫.০০	৫০০-১,০০০ কেজি

- ২।(ক) প্রত্যেক ডিলার প্যানাফ্লেক্সে টিসিবি'র বরাদ্দকৃত পণ্যের নির্ধারিত মূল্য সংবলিত লিখিত ব্যানার ভ্রাম্যমাণ ট্রাকের সামনে ও পেছনে সুন্দর ও সুদৃশ্য করে টাঙ্গিয়ে পণ্য বিক্রয় করতে হবে।
- (খ) ডিলারগণ প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে বিকাল ৬.০০ টা পর্যন্ত নির্ধারিত স্থানে সর্বসাধারণের নিকট পণ্য বিক্রয় করবেন।
- (গ) ডিলারগণ যে দিন পণ্য উত্তোলন করবেন তার আগের কর্মদিবসে উক্ত পণ্যের মূল্য টিসিবি'র নির্ধারিত ব্যাংক একাউন্টে জমা দিবেন।
- (ঘ) গুদাম থেকে ডিলারদেরকে পণ্য সরবরাহ দেয়ার সময় পণ্যের গুণগতমান নিশ্চিত হয়ে পণ্য সরবরাহ দিতে হবে।
- (ঙ) ডিলারগণ চিনি জন প্রতি সর্বোচ্চ ৪ কেজি, সয়াবিন তেল জন প্রতি সর্বোচ্চ ৫ লিটার ও মশুর ডাল জন প্রতি সর্বোচ্চ ২ কেজি করে বিক্রয় করবেন।
- (চ) ৫০ কিঃ মিঃ দূরত্বের মধ্যে অবস্থিত ডিলারগণ প্রতি কেজি/লিটারে ৫/- টাকা, ৫১-১০০ কিঃ মিঃ দূরত্বের মধ্যে অবস্থিত ডিলারগণ প্রতি কেজি/লিটারে ৬/- টাকা এবং ১০০ কিঃ মিঃ দূরত্বের বাইরে অবস্থিত ডিলারগণ প্রতি কেজি/লিটারে ৭/-টাকা হারে 'পরিচালন ব্যয়' বাবদ প্রাপ্য হবেন।
- (ছ) ডিলারদেরকে প্রদেয় পরিচালন ব্যয় হতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩(ই) উপধারা অনুযায়ী প্রযোজ্য আয়কর উৎসে কর্তন করে সরকারি কোষাগারে জমা নিশ্চিত করতে হবে।
- (জ) যথোপযুক্ত কারণ ছাড়া যদি নির্বাচিত কোন ডিলার পণ্য উত্তোলন না করেন এবং বিক্রয়ের নির্ধারিত স্থান ব্যতিত অন্য কোন স্থানে পণ্য বিক্রয় করেন তাহলে তাঁর ট্রাকসেল বাতিলসহ ডিলারশীপ জামানত বাজেয়াপ্ত করে ডিলারশীপ বাতিল করা হবে।
- (ঝ) ট্রাকে টিসিবি'র পণ্য ছাড়া অন্য কোন পণ্য বিক্রয় করা যাবে না।
- (ঞ) যে সমস্ত বিভাগীয় শহরে টিসিবি'র ডিলারদের ভ্রাম্যমাণ ট্রাকের মাধ্যমে ট্রাকসেল পরিচালনা করা সম্ভব হবে না সে সমস্ত বিভাগীয় শহরে টিসিবি'র নিজস্ব ব্যবস্থাপনায় ভ্রাম্যমাণ ট্রাকসেল পরিচালনা করতে হবে।
- (ট) ডি.ও গ্রহণকারী ডিলারদের নাম, ঠিকানা ও মোবাইল ফোন নম্বরসহ আইটেম ভিত্তিক বরাদ্দকৃত পণ্যের পরিমাণ উল্লেখপূর্বক বরাদ্দপত্র ইস্যুর সাথে সাথেই উহা ই-মেইল এর মাধ্যমে এবং পত্র মারফত সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবরে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের অফিস প্রধানগণ প্রেরণ করবেন। একইসাথে তা সংস্থার চেয়ারম্যান, পরিচালক (সিএমএস ও বিওবি) এবং উর্ধ্বতন কার্যনির্বাহী (সিএমএস ও বিওবি) ([tcbsecms@tcb.gov.bd](mailto:tcbsecms@tcb.gov.bd)) বরাবর ই-মেইল এর মাধ্যমে অবহিত করতে হবে।
- (ঠ) বরাদ্দ চলাকালে উপরে বর্ণিত ব্যবস্থার পাশাপাশি ডিলারগণকে বরাদ্দ প্রদানের সাথে সাথেই বরাদ্দ প্রাপ্ত ডিলারদের নাম, ঠিকানা ও মোবাইল ফোন নম্বরসহ আইটেমভিত্তিক বরাদ্দকৃত পণ্যের পরিমাণ ও নির্ধারিত ভোক্তামূল্য উল্লেখপূর্বক টিসিবি'র সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের অফিস প্রধানগণ তাঁদের Live Face Book আইডি নম্বর হতে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের সাথে Live Face Book আইডিতে যুক্ত হয়ে তথ্যাদি প্রদান করে ডিলারদের নামে বরাদ্দকৃত পণ্যাদি নির্ধারিত ভোক্তামূল্যে ও নির্ধারিত বিক্রয়ের স্থানে সঠিকভাবে বিক্রয় নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করবেন।

## Trading Corporation of Bangladesh

TCB Bhaban, Kawran Bazar, Dhaka-1215

Phone : Office  
PABX : 8180071  
FAX : 88-02-8180057  
E-mail : [tcb@tcb.gov.bd](mailto:tcb@tcb.gov.bd)  
Website : [www.tcb.gov.bd](http://www.tcb.gov.bd)



## ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

টিসিবি ভবন, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

ফোন : অফিস  
পিএবিএক্স : ৮১৮০০৭১  
ফ্যাক্স : ৮৮-০২-৮১৮০০৫৭  
ই-মেইল : [tcb@tcb.gov.bd](mailto:tcb@tcb.gov.bd)  
ওয়েব সাইট : [www.tcb.gov.bd](http://www.tcb.gov.bd)




(চলমান পাতা-২)

### ২য় পাতা

(ড) সংশ্লিষ্ট অফিস প্রধানগণ সার্বক্ষণিকভাবে সংশ্লিষ্ট ডিলার ও জেলা প্রশাসনের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করে ডিলারের নির্ধারিত স্থানে যথানিয়মে পণ্য বিক্রয় নিশ্চিত করবেন। একইসঙ্গে প্রতিদিনের ট্রাকসেল কার্যক্রমের তথ্যাদি সংযোজিত হুকে সকাল ১১.০০ ঘটিকার মধ্যে প্রধান কার্যালয়ের উদ্ধর্তন কার্যনির্বাহী (সিএমএস ও বিওবি) এর নিকট ই-মেইল এর মাধ্যমে প্রেরণ নিশ্চিত করবেন।

(ঢ) টিসিবি আঞ্চলিক কার্যালয়ের অফিস প্রধানগণ স্ব-স্ব বিভাগীয় শহরে ডিলারদের ভ্রাম্যমাণ ট্রাকসেল কার্যক্রম তদারকির জন্য অফিস প্রধান ও তাঁর কার্যালয়ের ১ জন কর্মচারীর সমন্বয়ে গঠিত কমিটি তদারকি করবেন।

সংযুক্তঃ ০১(এক) পাতা।

  
(মোঃ শেখাবুর রহমান)

উপসচিব

প্রধান কর্মকর্তা (সিএমএস ও বিওবি)

ফোনঃ ৮১৮০০৭৪

### কার্যার্থেঃ

- ১। অফিস প্রধান, টিসিবি আঞ্চলিক কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/রংপুর/মৌলভীবাজার/ময়মনসিংহ।
- ২। অফিস প্রধান, টিসিবি ক্যাম্প অফিস, কুমিল্লা/মাদারীপুর/ঝিনাইদহ/বগুড়া।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, প্রশাসন শাখা, টিসিবি প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে অবিলম্বে পত্রটি টিসিবি'র ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

### সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। চেয়ারম্যান, টিসিবি, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৩। পরিচালক (সিএমএস ও বিওবি), টিসিবি, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, (সকল)-----। তাঁর জেলাধীন বর্ণিত বিক্রয় কার্যক্রম তদারকির নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল।
- ৫। একান্ত সচিব, মাননীয় বাণিজ্য মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। একান্ত সচিব, মাননীয় সভাপতি, বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৭। একান্ত সচিব, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। প্রধান কর্মকর্তা (অর্থ ও হিসাব), টিসিবি, ঢাকা।